



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

১০১৪/নিউ, সিডিএ এভিনিউ, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম

Website : www.bise-ctg.gov.bd

কলেজ শাখা

স্মারক নং- চশিবো/ক-শা/ বিজ্ঞপ্তি/৫৫/৯৫(অংশ-১)/৮৮২১ (২৮০)

তারিখ : ০৬/১১/২০২৩খ্রি:

২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের দ্বাদশ শ্রেণিতে কলেজ পরিবর্তন সংক্রান্ত বিজ্ঞপ্তি।

এতদ্বারা এইবোর্ডের কলেজ/স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধান এবং দ্বাদশ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ভর্তিকৃত ও eSIF (রেজিস্ট্রেশন) কৃত আত্মীয় শিক্ষার্থীদের দ্বাদশ শ্রেণিতে কলেজ পরিবর্তনের আবেদন বোর্ডে গ্রহণের সময় আগামী ০৮/১১/২০২৩ তারিখ থেকে ৩১/১২/২০২৩ তারিখ পর্যন্ত নির্ধারণ করা হয়েছে। শিক্ষাবোর্ডের www.bise-ctg.gov.bd ওয়েবসাইটে এই নোটিশের সাথে প্রদর্শিত কলেজ/বোর্ড পরিবর্তনের আবেদন ফরমের নিয়মাবলী ও এই বিজ্ঞপ্তির নির্দেশনা গুরুত্বের সাথে অনুসরণ পূর্বক ফি ও প্রামাণ্য কাগজপত্রসহ উক্ত ফরম পূরণ করে নির্ধারিত সময়ের মধ্যে বোর্ডের কলেজ শাখায় আবেদন জমা দিতে হবে।

- * এ নোটিশের সাথে সংযুক্ত নির্ধারিত ফরম ব্যতীত কোনো আবেদন গ্রহণযোগ্য নয়।
- * বোর্ডের পূর্বানুমতি ব্যতিরেকে ছাড়পত্র ইস্যু করা যাবে না।
- * বোর্ডের পূর্বানুমতি ব্যতিরেকে ছাড়পত্রের মাধ্যমে কোনো শিক্ষার্থীকে কলেজে ভর্তি করা যাবে না।
- * অসম্পূর্ণ আবেদন বিবেচনা করা হবে না।
- * ছাড়পত্রের মাধ্যমে কলেজ / বোর্ড পরিবর্তনের প্রত্যয়ন / সুপারিশদানের ক্ষেত্রে কলেজ অধ্যক্ষগণকে নিম্নোক্ত শর্তসমূহ অবশ্যই অনুসরণ করতে হবে :-

- ১। কলেজের চাহিত ন্যূনতম জিপিএ এবং শিক্ষার্থীর পঠিত বিষয়ের মিল থাকা সাপেক্ষে বিভাগসমূহে (বিজ্ঞান/ মানবিক/ব্যবসায় শিক্ষা/গার্হস্থ্য বিজ্ঞান) আসন শূন্য থাকলে বা কোনো কারণে শূন্য হলে ছাড়পত্রের মাধ্যমে কোনো শিক্ষার্থী ভর্তির সুপারিশ করা যাবে।
- ২। পঠিত বিষয়ের সমর্থনে eSIF/ রেজিস্ট্রেশন এর সত্যায়িত কপি এবং বিষয় পরিবর্তনের ক্ষেত্রে বোর্ডের আদেশের কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে ও eSIF এর ক্রমিক উল্লেখ করতে হবে।
- ৩। আবেদন ফরমের সকল প্রয়োজনীয় তথ্য ও শর্ত পূরণ করতে হবে।
- ৪। বোর্ড অনুমতি দিলে কলেজ ছাড়পত্র ইস্যু করবে। ছাড়পত্র দেয়ার ক্ষেত্রে কোনো অগ্রিম বেতন নেয়া যাবে না।
- ৫। সুপারিশকৃত আবেদনের ফটোকপি কলেজে সংরক্ষণ করতে হবে।
- ৬। ভর্তিকৃত শিক্ষার্থীর আবেদন ফরমে বর্তমান কলেজের অধ্যক্ষ কর্তৃক ৬নং অনুচ্ছেদ পূরণপূর্বক সুপারিশের পর ভর্তিচ্ছু কলেজের অধ্যক্ষ আবেদন ফরমের ৭নং অনুচ্ছেদ নির্দেশনা মোতাবেক পূরণপূর্বক সুপারিশ করবেন।
- * ছাড়পত্রের মাধ্যমে কলেজ/ বোর্ড পরিবর্তনের ক্ষেত্রে কলেজে অধ্যয়নরত শিক্ষার্থীদের নিম্নোক্ত শর্তসমূহ অবশ্যই অনুসরণ করতে হবে :-

- ১। আবেদনপত্রের সাথে শিক্ষার্থীর এসএসসি বা সমমান পরীক্ষার মার্কশীট/একাডেমিক ট্রান্সক্রিপ্ট-এর ফটোকপি, উচ্চ মাধ্যমিক পর্যায়ে অনলাইন ভর্তি ও রেজিস্ট্রেশনের সমর্থনে eSIF এর সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
- ২। এবোর্ডের আওতাধীন এলাকায় দ্বাদশ শ্রেণিতে কলেজ পরিবর্তনের ক্ষেত্রে ফি-১০০০/- (এক হাজার) টাকা সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, চট্টগ্রাম এর অনুকূলে মুরাদপুরস্থ বোর্ড ভবনে অবস্থিত সোনালী ব্যাংক বুথে জমা দিয়ে ব্যাংক রশিদের কলেজ শাখার সংশ্লিষ্ট অংশটি অবশ্যই আবেদনপত্রের সাথে সংযোজন করতে হবে (ডি.ডি/ পে-অর্ডারও বোর্ড ভবনে অবস্থিত সোনালী ব্যাংক বুথে জমা দিতে পারবে)। বোর্ডের ওয়েব সাইটে অনলাইন পেমেন্টের মাধ্যমেও ফি পরিশোধ করা যাবে।
- ৩। কোন শিক্ষার্থী উচ্চ মাধ্যমিক পর্যায়ে বিষয় সংশোধন/৪র্থ বিষয় বাতিল বা সংযোজন করে থাকলে এর স্বপক্ষে প্রামাণ্যপত্র আবেদনের সাথে দাখিল করতে হবে এবং পরিবর্তিত বিষয়ের সাথে বর্তমান কলেজ ও চাহিত কলেজের অনুমোদিত বিষয়ের সাথে মিল থাকতে হবে।

Signature
১/১১/২৩

(প্রফেসর মোঃ জাহেদুল হক)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড
চট্টগ্রাম।